

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এস এম কন্সট্রাকশন কোর্স-২, ঢাকা।			
তারিখ: ১৪	তারিখ: ১৪/১১	সংস্করণ: -	
আ: সা:	স: সা:	উ: বি: প্র:	লি: জ:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রধান প্রকৌশলীর কার্যালয়
 গণপূর্ত অধিদপ্তর
 হিসাব শাখা-১
 পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.১৪.০৮১.১৭.১০৭০

তারিখ: ৩ পৌষ ১৪৩০

১৮ ডিসেম্বর ২০২৩

বিষয়: ২০২৩-২০২৪ আর্থিক সালে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন “পটুয়াখালী মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন” শীর্ষক প্রকল্প পটুয়াখালীর নির্মাণ ও পূর্ত কাজের অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি আর্থিক সালে খরচ করার জন্য ১৬৯৯.০০ লক্ষ (ষোল কোটি নিরানব্বই লক্ষ) টাকা মাত্র বরাদ্দ করা হলো।

উক্ত খরচ প্রকল্প পরিচালক, পটুয়াখালী মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন প্রকল্প, পটুয়াখালী এর স্মারক নং-/৩৫১ তারিখঃ-০৩/১০/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে মঞ্জুরিকৃত এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকার স্মারক নং/১৫৫ তারিখঃ-০৯/১১/২০২৩ খ্রিঃ এর দ্বারা পৃষ্ঠাংকনের মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্তকৃত ১৬৯৯.০০ লক্ষ টাকা হিসাবের কোড নং-১২৭০২০১-২২৪০২১০১৪-৪১১১২০১ (অনাবাসিক ভবন) খাতে ২০২৩-২০২৪ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে বহন/ সংকুলান করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/পালন ও খরচ করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ/পালন করতে হবে।

শর্তঃ-

- প্রত্যাশি সংস্থার সহিত যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন মোতাবেক কাজ সম্পাদন করতে হবে।
- কাজ যথাযথভাবে সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।
- বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- বরাদ্দকৃত অর্থ ব্যয়ের হিসাব এ দপ্তরে/ প্রত্যাশি সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে এ দপ্তরের নিকট সমর্পণ করতে হবে।

১৪/১১/২৩

১৮-১২-২০২৩

মোঃ সাখাওয়াৎ হোসেন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমরথ)

ফোন: ০২২২৩৩৮৮৯১৪

নির্বাহী প্রকৌশলী,